



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ০৬.১২.২০২৪

### প্রেস রিলিজ

#### পাবিপ্রবিতে কর্মচারীদের বেসিক কম্পিউটার বিষয়ে তিনদিনের কর্মশালা সম্পন্ন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল-এর উদ্যোগে তিনদিনব্যাপী কর্মচারীদের জন্য “ওয়ার্কশপ অন বেসিক কম্পিউটার ফর অফিশিয়াল কম্পিউটার সাপোর্ট” বিষয়ে কর্মশালাটি আজ শুক্রবার (৬ ডিসেম্বর) সমাপ্ত হয়েছে।

৪ ডিসেম্বর, বুধবার উদ্বোধনী কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল আওয়াল। রিসোর্স পারসন হিসেবে তিনদিনব্যাপী কর্মশালায় প্রশিক্ষণ প্রদান করেন পাবিপ্রবি’র ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক মো. আনোয়ার হোসেন।

উদ্বোধনী কর্মশালায় উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল আওয়াল বলেন, “বিশ্ববিদ্যালয়কে সুন্দরভাবে গড়ে তুলতে হলে প্রতিটি দপ্তরকে ভালোভাবে কাজ করতে হবে। জাতিকে পুনর্গঠন করার জন্য আমাদের দক্ষ মানবসম্পদ দরকার। ভোকেশনাল শিক্ষার ক্ষেত্রে মনোযোগী হতে হবে এবং আমাদের জনসংখ্যাকে মানবসম্পদে পরিণত করতে হবে। আমাদের প্রতিটি ব্যক্তির মধ্যে সুপ্ত প্রতিভা আছে, সেটাকে সঠিকভাবে ব্যবহার করতে হবে। সেইসাথে বিশ্ববিদ্যালয়কে নিজের মধ্যে ধারণ করা এবং আমাদের শেখার আগ্রহ বৃদ্ধি করতে হবে।”

সমাপনী কর্মশালায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক অধ্যাপক ড. মো. শামীম রেজা, সার্বিক তত্ত্বাবধানে ছিলেন আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. নূর আলম এবং সহযোগী অধ্যাপক ড. মো. আসফাকুর রহমান। আরও উপস্থিত ছিলেন আইকিউএসি’র অতিরিক্ত রেজিস্ট্রার মো. কামরুল হাসান এবং জনসংযোগ ও প্রকাশনা দপ্তরের সহকারী পরিচালক মো. বাবুল হোসেন।

ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর উদ্যোগে দাপ্তরিক কাজে কম্পিউটার সাপোর্ট সংক্রান্ত কার্যক্রমের সাথে সংযুক্ত কর্মচারীরা কর্মশালায় অংশগ্রহণ করেন।

কর্মশালাটি প্রথমদিন দুপুর ২টা থেকে ৫টা পর্যন্ত চলে এবং পরবর্তী দুইদিন সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত কর্মশালা চলে। কর্মশালাটি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের সেন্ট্রাল কম্পিউটার ল্যাবে অনুষ্ঠিত হয়েছে।

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।